ভোরের কাগজ

তারিখ ... ২৫ ২০০২

পৃষ্ঠা ২ কলাম ৩

# ঢাবিতে পুলিশি বর্বরতার প্রতিবাদে ছাত্রছাত্রীরা পরীক্ষা বর্জন করেছে

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক :** ঢাকা বিশ্ববিদ্যালয়ের শামসুন নাহার হলে পুলিশি বর্বরতার প্রতিবাদে পূর্ব নির্ধারিত গতকাল বুধবারের সকল পরীক্ষা বর্জন করেছে বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীরা।

এদিকে মঙ্গলবার দিবাগত রাতে পুলিশি নির্যাতনের প্রতিবাদে গতকাল বিভিন্ন সংগঠনসহ সাধারণ ছাত্রছাত্রীদের মিছিলে পুলিশ ও ছাত্রদলের যৌথ হামলার প্রতিবাদে এবং ঘটনার সঙ্গে জড়িতদের শাস্তির দাবিতে কালকের ধর্মঘটের কারণে বিশ্ববিদ্যালয়ের কলাভবন ও কার্জন হলের অনুষ্ঠিত পরীক্ষা কেন্দ্রের সকল কোর্স ও সনাতন পদ্ধতির পরীক্ষা স্থগিত ঘোষণা করা হয়েছে। স্থগিত পরীক্ষার পরবর্তী সময়সূচি যথাসময়ে জানানো হবে বলে বিশ্ববিদ্যালয়ের এক বিজ্ঞপ্তিতে জানানো হয়।